

দৈনিক ইককিলাব

তারিখ
পৃষ্ঠা ১৫ কলাম

চট্টগ্রাম বিআইটিতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ছাত্রদল ও ছাত্রশিবিরের অঙ্গীকার

চট্টগ্রামে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রসঙ্গে ছাত্রদল ও ছাত্রশিবিরের বিআইটি নেতৃবৃন্দ যথাক্রমে ছাত্রদল সভাপতি মোহাম্মদ সিরাজুল ইসলাম, ছাত্রশিবির সভাপতি মোহাম্মদ ইউছুফ, ছাত্রদল সেক্রেটারী মোঃ নুরুল আজম, ছাত্রশিবির সেক্রেটারী মোহাম্মদ মোস্তফা জামাল এ যৌথ বিবৃতি প্রদান করেন। উক্ত বিবৃতিতে নেতৃবৃন্দ উল্লেখ করেন যে, উভয় দলের মধ্যে ভুল বুঝাবুঝির জন্য এ অনাকাঙ্ক্ষিত ঘটনার উদ্ভব হয়, যা কারও জন্য কাম্য ছিল না।

চট্টগ্রাম বিআইটি চ-এর পৃষ্ঠার পর

উক্ত ঘটনা উদ্ভবের কারণ বিশ্লেষণপূর্বক উভয় দল এক বৈঠকে আলোচনার মাধ্যমে এক শান্তিপূর্ণ সমাধানে উপনীত হয়। বৈঠকে জাতীয়ভাবে যে ছাত্রত্ব জাতীয় রাজনীতিতে ভূমিকা রেখেছে ও বর্তমান সরকার গঠনে সহায়তা করেছে এবং ভবিষ্যতে সরকারের কর্মকাণ্ডে সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে বিআইটিতেও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার প্রত্যয় ব্যক্ত করেন। বৈঠকে জাতীয়তাবাদী ও ইসলামী শক্তির মধ্যে ফাটল ধরানোর জন্য একটি অপশক্তি যে চেষ্টা করছে তার ব্যাপারে সকলকে সচেতন থাকার আহ্বান জানানো হয়। অবিলম্বে বিআইটি প্রশাসনকে বিআইটি খুলে দিয়ে ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জন্য আহ্বান এবং বিআইটিকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় করার ক্ষেত্রে অর্ডিনেন্স নিয়ে একটি মহল যে চক্রান্ত চালাচ্ছে তার উত্তর নিন্দা জানানো হয়েছে।